



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বহিরাগমন-২
www.ssd.gov.bd



০৯ ফাল্গুন ১৪২৮ বঃ

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

পত্র সংখ্যা--৫৮.০০.০০০০.০৪১.১৫.০০৩.১২-২৭

বিষয় : নাইজেরিয়াসহ আফ্রিকান দেশসমূহের নাগরিকদের বাংলাদেশে আগমনের লক্ষ্যে ভিসা ইস্যু সহজীকরণ সংক্রান্ত।

সূত্র : সুরক্ষা সেবা বিভাগের গত ০৪.১০.২০২১ খ্রি. তারিখের জারিকৃত ৫৮.০০.০০০০.০৪১.১৫.০১৩.১২.১০৫০ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে সুরক্ষা সেবা বিভাগে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রণালয় সভায় সর্বসম্মতিক্রমে নাইজেরিয়াসহ আফ্রিকান দেশসমূহের নাগরিকদের বাংলাদেশে আগমনের লক্ষ্যে ভিসা ইস্যু সহজীকরণ সংক্রান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) আলজেরিয়া, মিশর, মরক্কো, মরিশাস, কমোরস, মাদাগাস্কার এবং সিশেলস এর নাগরিকগণকে সংশ্লিষ্ট দূতাবাস সুবিবেচনা মতো ভিসার আবেদন নিষ্পত্তি করবেন;
- (খ) আফ্রিকা মহাদেশে অবস্থিত অন্যান্য দেশের কুটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারী ব্যক্তিবর্গ, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় কর্মরত ব্যক্তিবর্গ, বাংলাদেশ সরকারের আমন্ত্রণে এবং IIUT-তে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের দূতাবাসের বিবেচনায় ভিসা প্রদান করতে পারবে। এছাড়া অন্যান্য নাগরিকদের ভিসা প্রদানের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ হতে গত ০৪.১০.২০২১ খ্রি. তারিখে জারিকৃত ৫৮.০০.০০০০.০৪১.১৫.০১৩.১২.১০৫০ পত্র অনুযায়ী সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে এসবি'র মতামত গ্রহণের আদেশ বহাল থাকবে; এবং
- (গ) যেসব নাগরিককে ভিসা প্রদান করা হবে তার একটি তালিকা নিয়মিতভাবে ই-মেইলে সুরক্ষা সেবা বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, এসবি এবং এনএসআইকে সরবরাহ নিশ্চিত করতে হবে।

০২। উক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


২২.০২.২২

(মোঃ শাহরিয়াজ, পিএএ)
যুগ্মসচিব

ফোন-০২-২২৩৩৮৫৫৭৫।
E-mail : immi2@ssd.gov.bd

০১৮

০৯ ফাল্গুন ১৪২৮ বঃ

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

পত্র সংখ্যা--৫৮.০০.০০০০.০৪১.১৫.০০৩.১২-২৭

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা। (বিদেশে অবস্থিত সকল মিশনসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৬। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, রাজারবাগ, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ১। অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য]।



২২-০২-২২

(মোঃ শাহরিয়ারজ, পিএএ)

যুগ্মসচিব

ফোন-০২-২২৩৩৮৫৫৭৫।

E-mail : immi2@ssd.gov.bd

